

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩০/২০১৫

অভিযোগকারী : আলহাজ্ব মোঃ মোবারক উল্যা

পিতা-মৃত লকিয়ত উল্যা পাটোয়ারী  
ফ্ল্যাট নং-৩/সি, ভবন নং-০৬  
রোড নং-০২, চেয়ারম্যানবাড়ী  
বনানী, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী

পরিচালক (জোন-৫)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৮-০৪-২০১৫ ইং)

অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা ০৯-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- থানা তেজগাঁও, মৌজা-কাওরান বাজার, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২০/২১, গার্ডেন রোড সিএস দাগ নং ৩২ (অংশ) এর উপর অবৈধভাবে নির্মিত ৯-তলা ভবন এর নির্মান নক্সা, অনুমতি পত্র (নথি নং ৩সি-১/এ-০৮/১১) এর সত্যায়িত ফটোকপি এবং উক্ত অবৈধ নির্মান কাজের বিরুদ্ধে অভিযোগকারীর ০৮-০৩-২০১২ ইং, ১৬-০১-২০১৩ ইং, ০৬-০৩-২০১৩ ইং এবং ০৩-১১-২০১৩ ইং তারিখের দরখাস্তের প্রার্থনা অনুযায়ী কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে সে সংক্রান্ত হালনাগাদ তথ্য, রাজউকের বিজ্ঞ আইন উপদেষ্টার সুবিদিত মতামতের নির্ধারিত, ভূমি পরিদর্শকের প্রতিবেদনের/প্রতিবেদন সমূহের সত্যায়িত আলোকলিপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২১-১০-২০১৪ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ০৯-১১-২০১৪ তারিখে রাজউক/প্রঃশাঃ/৩৩/২৮৭(অংশ-৩)/২০১২স্বা নং স্মারকের মাধ্যমে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য ভুল ও বিভ্রান্তিকর উল্লেখ করে অভিযোগকারী ০১-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ভুল ও বিভ্রান্তিকর তথ্য প্রাপ্ত হয়েছেন উল্লেখপূর্বক তিনি সঠিক তথ্য পেতে কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। প্রতিপক্ষ পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থিত আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। ব্যক্তিগত তথ্য বিবেচনায় নির্মাণ নক্সা ও অনুমোদনপত্র প্রদান করা হয়নি। উচ্ছেদ কার্যক্রমের নিয়ম অনুযায়ী উচ্ছেদ করেছেন কিন্তু যথাযথ কর্মকর্তা না থাকায় কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি।

(অ: পৃ: দ্র:)

০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক প্রদত্ত তথ্যের মধ্যে কোন তথ্য ভুল ও বিভ্রান্তিকর তা ছক আকারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কমিশনকে লিখিত প্রদানের জন্য কমিশন নির্দেশনা করলে অভিযোগকারী তাতে সম্মতিজ্ঞাপন করেন। অভিযোগকারীর লিখিত বক্তব্যের প্রেক্ষিতে অধিকতর শুনানীর জন্য ০৮-০৪-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৭। অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, কমিশনের নির্দেশনা অনুযায়ী তিনি তার প্রার্থীত প্রাপ্ত তথ্য ও প্রাপ্ত তথ্য ভুল ও বিভ্রান্তিকর বলার কারণে উল্লেখপূর্বক ছক আকারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করেছেন।

০৮। প্রতিপক্ষ পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্য প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন এবং আজকে কমিশনে তথ্যসহ জবাব দাখিল করেছেন। অভিযোগকারীর নিকট হতে তথ্য মূল্য প্রাপ্তি সাপেক্ষে তথ্য সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

উভয়পক্ষের এর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্য প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন এবং কমিশনে দাখিল করেছেন। অভিযোগকারীর নিকট হতে তথ্য মূল্য প্রাপ্তি সাপেক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২০-০৪-২০১৫ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার